দৈনিক ইনকিলাব

তারিখ ..9..AUG 1989
পৃষ্ঠা ... ২ ... কলাম ...

15

## মুন্সিখোলায় পথকলি চিকিৎসা কেন্দ্র উদ্বোধন

বেগম রওশন এরশাদ গতকাল পাগলার কাছে মুন্সিখোলায় পথকলি চিকিৎসা কেন্দ্রের উদ্বোধন করেন। এই প্রসঙ্গে তিনি দুঃস্থদের জন্য পথকলি ট্রাস্টে সকলের উদার সাহায্যের আহবান জানান। খবর বাসস'র।

বেগম রওশন এরশাদ বলেন, প্রেসিডেন্ট এরশাদের সরকার দুঃস্থ শিশুদের জন্য বিভিন্ন কল্যাণমূলক কর্মসূচী হাতে নিয়েছেন। তিনি শিশুদের কল্যাণের জন্য একটি দীর্ঘমেয়াদী জাতীয় কর্মসূচী গ্রহণের উপরও গুরুত্ব আরোপ করেন। শিক্ষামন্ত্রী শেখ শহিদুল ইসলাম স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা মন্ত্রী ডাঃ আজিজুর রহমান অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।